



জুলাই সনদকে ঘিরে অস্থিরতা সৃষ্টির অভিযোগ মির্জা ফখরুলের



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, জুলাই সনদকে কেন্দ্র করে একটি অংশ অযথা পরিস্থিতি অস্থিতিশীল করার চেষ্টা করছে। একই সঙ্গে বিএনপি সংস্কারবিরোধী—এমন প্রচার চালানো হচ্ছে বলেও তিনি অভিযোগ করেন। রোববার (৫ মার্চ) বিকেলে রাজধানীর কাকরাইলে আর্চবিশপ হাউজে ইস্টার সানডে উপলক্ষে খ্রিষ্টান সম্প্রদায়ের ধর্মীয় ও সামাজিক নেতাদের সঙ্গে এক অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি এসব মন্তব্য করেন।

মির্জা ফখরুল বলেন, যে মুক্ত ও গণতান্ত্রিক প্রক্রিয়ায় দেশ এগিয়ে যাচ্ছে, সেই ধারা আরও শক্তিশালী করতে সবাইকে ভূমিকা রাখতে হবে। তিনি একটি অসাম্প্রদায়িক ও সমতাভিত্তিক বাংলাদেশ গড়ার অঙ্গীকারও পুনর্ব্যক্ত করেন।

তিনি আরও বলেন, মানুষের জীবনমান উন্নয়নে উদ্যোগ ইতোমধ্যে শুরু হয়েছে। পাশাপাশি বিএনপির বিরুদ্ধে অপপ্রচার চালানো হচ্ছে বলে দাবি করে তিনি জানান, জুলাই সনদে স্বাক্ষরিত সংস্কার প্রক্রিয়া বাস্তবায়নে দলটি প্রতিশ্রুতিবদ্ধ।